রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা,ঢাকা
[মূসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]

ইমেইল/জিইপি/বাহক মারফত

নথি নং:-০৮.০১.০০০০.০৭৫.০৪.০০২.১৯ (অংশ-১) / ৯৬৩

তারিখ: ২৮ জুলাই ২০২২

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এর চূড়ান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রেরণ।

সূত্র: (১) নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের পত্র নং-৩৪৮, তারিখ: ১৮/০৭/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এর ২০২২-২০২৩ অর্থবছরের চূড়ান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির স্বাক্ষরিত কপি এতদসংগে সংযুক্ত করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ......০৭......পাতা।

28.07.2022

[মো: ফয়সাল বিন রহমান]
দ্বিতীয় সচিব
মূসক মনিটরিং, পরিসংখ্যান ও সমন্বয়

প্রাপক:
জনাব এস. এম আব্দুল কাদের
উপসচিব
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা,
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০২। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Regional/Zonal Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা ২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ এই তিন অর্থবছরে ৪১৮ টি প্রতিষ্ঠানের নিরীক্ষা/ তদন্ত কার্যক্রম সম্পন্ন করেছে; যার প্রেক্ষিতে উদঘাটিত রাজস্বের পরিমাণ ৩৩৬৮,৩০,২৮,৯৩৯ টাকা। এর মধ্যে ইতোমধ্যে ৩৬০,৬৫,৫৪,৯৬৫ টাকা আহরণ হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে কুমিল্লা কমিশনারেটের আওতাধীন ২ টি মার্কেটে ২০০ টি প্রতিষ্ঠানে জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। জরিপে ১ টি প্রতিষ্ঠানেরও ১৩ ডিজিটের ভ্যাট নিবন্ধন নেই। জরিপ কার্যক্রমের সামগ্রিক ফলাফলটি কুমিল্লা কমিশনারেটে প্রতিটি মার্কেটে অস্থায়ী বুথ স্থাপন করে নিবন্ধন প্রদান ও রাজস্ব আহরণ মনিটরিং করা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচারণা চালানো এবং আইন না মেনে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কঠোর বিধান প্রয়োগ করার জন্য অনুরোধ করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে সর্বমোট ২৫ টি মার্কেটে ১৫,৪৮২ টি প্রতিষ্ঠানে জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। জরিপে ১৩ ডিজিটের ভ্যাট নিবন্ধন পাওয়া- ২, ৫১১ টি প্রতিষ্ঠানের; যার মধ্যে মাত্র ১২৩ টি প্রতিষ্ঠান ৫,০০০ টাকার উর্ধ্বে ভ্যাট প্রদান করে। মোট নিবন্ধনযোগ্য সচল প্রতিষ্ঠানের তুলনায় নিবন্ধিত প্রতিষ্ঠানের হার মাত্র ১৬.২২% অর্থাৎ অনিবন্ধিত প্রতিষ্ঠানের হার ৮৩.৭৮%। জরিপ কার্যক্রমের সামগ্রিক ফলাফলটি জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে প্রেরণ করার পরিপ্রেক্ষিতে সামগ্রিকভাবে ভ্যাট নিবন্ধনের হার বৃদ্ধি এবং ভ্যাট আহরণ জোরদার হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

এ দপ্তরের পর্যাপ্ত জনবল না থাকায় সারাদেশব্যাপী কার্যক্রম গ্রহণে ব্যাহত ঘটছে; এ দপ্তরের পর্যাপ্ত যানবাহন না থাকায় করোনার সময়ে চলাচলে বিঘ্ন ঘটেছে; গোয়েন্দা, তদন্ত ও নিরীক্ষা কাজে প্রয়োজনীয় দক্ষ জনবল; পর্যাপ্ত সোর্স মানির অভাব; আধুনিক সুবিধা সংবলিত ডাটা ফরেনসিক ল্যাব ও ডকুমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম; অন্যান্য দপ্তরে কোন প্রতিষ্ঠানের তথ্য চাওয়া হলে তা তাৎক্ষণিকভাবে পাওয়া যায় না।বৈশ্বিক মহামারীর কোভিড-১৯ পরিস্থিতির কারণে সারাদেশব্যাপী অর্থনৈতিক কর্মকান্ড স্থবির হওয়ার আশঙ্কা রয়েছে; বিভিন্ন প্রতিষ্ঠান কেন্দ্রীয়ভাবে নিবন্ধনের ফলে রাজস্ব ফাঁকি হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

নিরীক্ষা কার্যক্রম গতিশীল করার মাধ্যমে চলমান নিরীক্ষা সম্পন্ন করা; বৃহৎ করদাতা প্রতিষ্ঠানের দাখিলপত্র পর্যালোচনা করে ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান/ খাত চিহ্নিত করে আগামী ২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছরে ৪৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হবে; একইসময়ে ২০০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিবারণ ও তদন্ত কার্যক্রম পরিচালনার মাধ্যমে রাজস্বফাঁকি উদ্ঘাটন করা হবে; এছাড়াও এই তিন অর্বথছরে অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ১৮০ টি'রও অধিক প্রতিষ্ঠানের অনুসন্ধান কার্যক্রম পরিচালনার মাধ্যমে রাজস্বফাঁকি উদ্ঘাটন করা হবে। সারাদেশব্যাপী বিভিন্ন মার্কেটে জরিপ কার্যক্রম পরিচালনার মাধ্যমে ব্যাপক সংখ্যক প্রতিষ্ঠানকে ভ্যাট নিবন্ধন গ্রহণে উদ্বুদ্ধকরণ; বিভিন্ন উৎস থেকে মূসক ফাঁকির গোয়েন্দা তথ্য সংগ্রহ জোরদার করা ও তাদের আইনের আওতায় আনা; সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও দাপ্তরিক ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ; মূসক গোয়েন্দার কার্যক্রমকে এই তিন অর্থবছরের মধ্যেই শতভাগ অটোমেশনে আনা হবে; প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করে গুণগতমান সম্পন্ন নিরীক্ষা ও তদন্ত নিশ্চিতকরণ।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব ফাঁকিরোধে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত থাকবে;
- ১৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা;
- একইসময়ে ৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের নিবারণ ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা;
- অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ৫০ টি'রও অধিক প্রতিষ্ঠানের অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা;
- সারাদেশব্যাপী বিভিন্ন মার্কেটে জরিপ কার্যক্রম পরিচালনার করে ভ্যাট নিবন্ধন গ্রহণে উদ্বুদ্ধকরণ;
- হিউমেন রিসোর্স ম্যানেজমেন্ট ও নিরীক্ষা কার্যক্রমকে অটোমেশনের আওতায় নিয়ে আসা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর মধ্যে ২০২২ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত কার্যক্রম নির্ভর একটি আধুনিক করদাতা বান্ধব এবং ব্যবসা বান্ধব প্রতিষ্ঠানে পরিণত করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

মূল্য সংযোজন কর ফাঁকি রোধকল্পে নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত কার্যক্রমের মাধ্যমে সরকারের রাজস্ব আহরণ বৃদ্ধি, বিদ্যমান আইন ও বিধির পরিপালন নিশ্চিতকরণের মাধ্যমে রাজস্ব ফাঁকি প্রতিহতকরণ এবং করদাতা বান্ধব পরিবেশ সৃজনের মাধ্যমে দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা নিশ্চিত করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. মূসক নিরীক্ষা বিষয়ক রাজস্ব আহরণ জোরদারকরণ
২. মূসক নিবারণ ও তদন্ত বিষয়ক রাজস্ব আহরণ জোরদারকরণ
৩. মূসক প্রশাসন অটোমেশন করণ
৪. পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও সেবা কার্যক্রম
৫. কর্মকর্তা-কর্মচারীদের ট্রেইনিং প্রদান ও করদাতাবান্ধব করণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. মূল্য সংযোজন কর আইন ও বিধিমালা পরিপালনে করদাতাগণকে উদ্বুদ্ধকরণ ;
২. গোয়েন্দা তথ্য সংগ্রহের মাধ্যমে রাজস্ব ফাঁকি/পরিহার প্রতিহতকরণ ;
৩. নিবিড় নিরীক্ষার মাধ্যমে রাজস্ব ঝুকিপূর্ণ প্রতিষ্ঠানসমূহের প্রকৃত করদায়িতা নিরূপণ;
৪. করদাতা কর্তৃক মূল্য সংযোজন কর আইন ও বিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণ ;
৫. সার্বিক কর্মতৎপরতার মাধ্যমে সরকারের রাজস্ব সুরক্ষা নিশ্চিতকরণ।
৬. দপ্তর/সংস্থার ই-ফাইলিং বাস্তবায়ন।